আলমডাঙ্গা সাব-রেজিস্ট্রারের দুর্নীতির বিরুদ্ধে তদন্ত শুরু, দ্রুত ট্রান্সফার করা হবে-আইন সচিব

আলমডাঙ্গার সাব-রেজিস্ট্রারে দুর্নীতির বিরুদ্ধে তদন্ত শুরু করেছে আইন-মন্ত্রাণালয়। গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে অতর্কিত ভাবে আলমডাঙ্গায় উপস্থিত হয় তদন্ত টিম।আইন-মন্ত্রাণালয়ের মন্ত্রীর নির্দেশে আলমডাঙ্গার সাব-রেজিষ্ট্রি অফিসের মহুরি ও সাধারণ জনগণের মৌখিক ও লিখিত অভিযোগ নেয় তদন্ত টিম।

জানাগেছে, বাংলাদেশের সরকারসর্ববৃহৎ সরকারি প্রতিষ্ঠান সাব-রেজিষ্ট্রি অফিসের মাধ্যমে কোটি কোটি টাকা রাজস্ব আয় করে।এরই কারণে দেশের প্রতিটি উপজেলায় একটি করে সাব-রেজিষ্ট্রার নিয়োগ প্রদান করা হয়। গত কয়েক বছর পূর্বে আলমডাঙ্গা উপজেলা সাব-রেজিষ্ট্রি অফিসে মামুন বাবর দায়িত্ব গ্রহণ করে। শুরু হয় সাধারণ মানুষের নিকট থেকে লুটপাট।

রাজনৈতিক দলের নেতাকর্মীদের ছত্র-ছায়ায় এই লুটপাট অহরহ করতে থাকে। সরকারি ভাবে জমি বিক্রেতার খারিজ না থাকলে ক্রেতা ওই জমি কিনতে পারবে না। এছাড়াও ওই জমির কোন মালিকানাও দাবি করতে পারবে না। যা সরকারি আইন বহির্ভূত। বিক্রেতার নিকট থেকে খারিজ বিহীন কোন ক্রেতা জমি কিনলে তার নামের খারিজ হবে না। তারপরও আলমডাঙ্গা উপজেলা সাব-রেজিষ্ট্রার মামন বাবর ৫/১০ হাজার টাকার বিনিময়ে জমি রেজিষ্ট্রি করে দেয়।

সরকারি নিয়মানুযায়ী সকাল ১০ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত রেজিষ্ট্রি কার্যক্রম চলমান থাকার কথা। সাব-রেজিষ্ট্রার মামুন বাবর সরকারি কর্মকর্তা হলেও তিনি যোগদানের পর থেকে দুপুর ২টার দিকে অফিসে আসেন এবং রাত ১০ টার দিকে চলে যান। আলমডাঙ্গা উপজেলার ১৫টি ইউনিয়নের প্রত্যন্তঞ্চলের মানুষ গুলোকে পড়তে হয় বেহাল দশায়।খারিজ বিহীন জমি রেজিষ্ট্রি করতে ৫/১০ হাজার টাকা গুনতে হয়।এছাড়াও সাব-রেজিষ্ট্রারের বিরুদ্ধে একাধিক লিখিত অভিযোগ আইন-মন্ত্রাণালয়ে।আইন-মন্ত্রাণালয়ের মন্ত্রী মহাদয়ের একান্ত উদ্যেগ

এবং সাব-রেজিষ্ট্রারের দুর্নীতির চিত্র গুলো জানতেই অতর্কিত ভাবে মন্ত্রাণালয়ের উপ-সচিবসহ তদন্ত টিম আলমডাঙ্গা সাব-রেজিষ্ট্রি অফিসে অভিযান চালায়।

সাব-রেজিষ্ট্রি অফিসারের খাতা ও হাজিরা খাতা গুলোতে সকাল ৯টায় হাজির এবং বিকাল ৫ টায় ছুটি উল্লেখ থাকায় ত্রিব্য নিন্দা জানিয়ে একাধিক ব্যাক্তি তদন্ত কমিটির নিকট খোলা আলোচনা করেন। তার বিরুদ্ধে অর্পিত অভিযোগ গুলো তুলে ধরেন।

তদন্ত কর্মকর্তার নাম না প্রকাশ শর্তে তিনি বলেন,‘ আমরা আইন মন্ত্রাণালয়ের কর্মকর্তা। আলমডাঙ্গা সাবরেজিষ্ট্রার মামুন বাবরের বিরুদ্ধে একাধিক পত্রিকার কপি ও লিখিত অভিযোগ আছে। মন্ত্রী মহাদয়ের উদ্যেগে আমরা অতর্কিত ভাবে তদন্ত টিম সকাল ৯টায় আলমডাঙ্গায় পৌছায়। আলমডাঙ্গার বিভিন্ন এলাকায় ঘুরে মামুন বাবরের বিরুদ্ধে অর্পিত অভিযোগ গুলো মিলিয়ে দেখেছি। তাকে এখান থেকে দ্রুত ট্রান্সফার করা হবে। মামুন বাবরের অবৈধ ভাবে উপার্জনের বিষয়েও গভির তদন্ত করা হবে।

আলমডাঙ্গায় শেফা ক্লিনিকে ভুল চিকিৎসায় রোগির মৃত্যু

আলমডাঙ্গায় আবারো ভুল চিকিৎসায় দিনমজুরের মৃত্যু হয়েছে। গত বুধবার রাতে আলমডাঙ্গা পৌর এলাকার শেফা ক্লিনিকে মারা গেছে। এ নিয়ে আলমডাঙ্গায় একই সপ্তাহের মধ্যে পৃথক ক্লিনিকে সদ্য ভুমিষ্ট শিশু ও দিনমজুরের মৃত্যু হয়। চিকিৎসা সেবা নিয়ে মিশ্র প্রতিক্রিয়া উঠেছে। আলমডাঙ্গার ক্লিনিক গুলো চিকিৎসা সেবার নামে মৃত্যুর আজরাইল হিসাবে ব্যবসা করছে বলে এলাকাবাসী অভিযোগ করে। ভুল চিকিৎসায় মৃত্যু হলেও অর্থের বিনিময়ে আপোশ মিমাংস করে ক্লিনিক কতৃপক্ষ। আইনও চোঁখ বন্ধ করে ক্লিনিক গুলোর কোন খোঁজ রাখে না।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের বেলগাছি বোর্ড পাড়ার মৃত উকিলের ছেলে দিনমজুর শুকুর আলি ।গত দেড় মাস পূর্বে

ক্লিনিকের বিরুদ্ধে অসংখ্য ভুল চিকিৎসায় মৃত্যুর অভিযোগ আছে। অভিযোগ থাকলেও অদৃশ্য ছায়ায় তা ধামাচাপা পড়ে বলে অনেকে মন্তব্য করেন।

আলমডাঙ্গায় মনোনয়ন পেতে মেয়র প্রার্থীদের দৌড়-ঝাঁপ

সারাদেশে পৌরসভা নির্বাচনের চতুর্থ ধাপে ৫৬ টি পৌরসভার মধ্যে আলমডাঙ্গা পৌরসভার নির্বাচনকে কেন্দ্র করে আগাম প্রচার প্রচারণায় নেমেছেন সম্ভাব্য মেয়র প্রার্থীরা।

এ নিয়ে সর্বত্র আলোচনা চলছে- কে হবে সম্ভাব্য মেয়র ও কাউন্সিলর প্রার্থী। ইতোমধ্যে সম্ভাব্য অনেক প্রার্থী নানা রঙের ব্যানার পোস্টারের মাধ্যমে তাদের প্রার্থিতা জানান দিতে ভোটারদের দৃষ্টি আকর্ষণ অব্যাহত রেখেছেন তারা।

দ্বিতীয় বারের মতো দলীয় প্রতীকে স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠানে সম্ভাব্য প্রার্থীরা প্রচার-প্রচারণার পাশাপাশি স্ব-স্ব দলীয় মনোনয়ন পেতে শীর্ষ পর্যায়ের লবিং চালিয়ে যাচ্ছেন।এবাবের নির্বাচনে ক্ষমতাশীল দল আওয়ামীলীগের ৮ জন, কৃষকলীগের ১ জন, বিএনপির ২ জন, জাসদের ১ জন নির্বাচনের মাঠে পথসভা ও গণসংযোগ অব্যাহত রেখেছে। ক্ষমতাসীন দল আওয়ামীলীগের পক্ষ থেকে এক নেতা জানান, দল থেকে নমিনেশন না পেলেও সতন্ত্র হয়ে নির্বাচনি মাঠে থাকার প্রতিশ্রুতি দেন তার কর্মীদের।

এবাবের আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে ক্ষমতাসীন দল আওয়ামীলীগের সম্ভাব্য মনোনয়ন প্রত্যাশী যারা- আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও বর্তমান পৌর মেয়র হাসান কাদির গনু, (ভারপ্রাপ্ত) সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাষ্টার, আওয়ামীলীগের সাবেক কুমারী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, পৌর আওয়ামীলীগের সভাপতি ও সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, সাবেক পৌর আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, আনিসুজ্জামান হুজুর মল্লিক, জেলা কৃষকলীগের

গ্রহন করছে। তিনি বর্তমানে সংরক্ষিত মহিলা কাউন্সিলর হিসাবে দায়িত্ব পালন করছে।আলমডাঙ্গা পৌর নির্বাচন উপলক্ষে তফসিল ঘোষণা পর থেকেই প্রার্থীরা ছুটছে কেন্দ্রে। চালিয়ে যাচ্ছে লবিং। সবার ইচ্ছা নেত্রী আমাকে দিবে কাঙ্খিত নমিনেশন।

অপরদিকে, পৌরসভার কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে সম্ভাব্য প্রার্থীরা যে যার মতো করে প্রচারণা চালিয়ে যাচ্ছেন। পোস্টার ব্যানারে দৃষ্টি আকর্ষণের চেষ্টা সহ ভোটারদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে চলেছেন।

চুয়াডাঙ্গায় চোলাই মদসহ মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গা পৌর এলাকার নূরনগর এলাকা থেকে ১৩০ লিটার চোলাই মদসহ আশরাফুল হক (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বৃহস্পতিবার সকালে তাকে আটক করা হয়। আটক আশরাফুল হক শহরের সুমিরদিয়া কলোনীপাড়ার সোহেল আলীর ছেলে।

র্যাব ৬-এর স্কোয়াড কমান্ডার এএসপি শফিকুর রহমান জানান, আটক মাদক ব্যবসায়ী ও উদ্ধারকৃত চোলাই মদ চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে সদর থানায় মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

গাংনীর গাড়াবাড়ীয়াতে কৃষকের

তামাক উপড়ে দেওয়ার অভিযোগ

গাংনীর গাড়াবাড়ীয়াতে মুরাদ আলী নামক এক কৃষকের তামাক উপড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে।

আজ বৃহস্পতিবার সকালে তামাকের জমি দেখতে এসে ভুক্তভোগী কৃষক দেখেন কে বা কারা তার জমির চারা তামাকের গাছ উপড়িয়ে রেখে গেছে।

ভুক্তভোগী মুরাদ আলী গাড়াবাড়ীয়া গ্রামের মৃত রব্বিল্লার ছেলে।

তিনি জানান, কাল পর্যন্ত আমার তামাক দেখে গেছি ভালো ছিল আজ সকালে মাঠে এসে দেখি আমার তামাক গুলো কারা যেন উপড়িয়ে রেখে গেছে। এই তামাকের জমি অন্যের কাছে বছরে ২০০০০ টাকা লিজ দিয়ে নেওয়া। তামাকের আবাদে আমাদের কিছু টাকা লাভ থাকে যা দিয়ে লিজ দিয়েও কিছু টাকা মুনাফা হিসেবে পাওয়া যায়। কিন্তু এই আবাদটি আমি না করতে পারলে কোথায় পাবো লিজের টাকা?

তাছাড়াও অনেক টাকা খরচ করেছি যা সারের দোকান সহ বিভিন্ন স্থানে ধার দেনা করে করেছি। আশা ছিল তামাকের চাষটি করে সব পরিশোধ করে দিব কিন্তু আর হবে না। দিন আনি দিন খাই এখন এটাই আমার মাথায় বোঝা। আমি প্রশাসনের কাছে অনুরোধ জানাচ্ছি যারা এই কাজটি করে আমাকে ক্ষতিগ্রস্থ করেছে তাদের আইনের আওতায় এনে বিচার করা হয়।

স্থানীয়দের মধ্যে আবুল হোসেন জানান, মুরাদ আলী একজন অসহায় মানুষ দিন আনে দিন খাই। সে আজ পর্যন্ত কোন মানুষের সাথে দু কথা বলেনি কারও ক্ষতিও করে নি। তবে যারা তার এত বড় ক্ষতি করেছে তাদের আইনের আওতায় এনে শাস্তির দাবি জানাচ্ছি।

এ বিষয়ে কাথুলী ইউনিয়ন তাঁতীলীগের সভাপতি শিপন আলী জানান, যারা এই নেক্কার জনক কাজ করেছে তাদের আইনের আওতায় এনে শাস্তি দেওয়া হোক।

এ বিষয় একই মাঠের কৃষক শাহাদত আলী জানায়, আজ মুরাদের এমন ক্ষতি করলো কাল তো আমাদেরও হতে পারে। আমরা মাঠে কাজ সেরে বাড়ি যেয়ে নিশ্চিন্তায় ঘুমাতে পারতাম এখন সেটাও মনে হয় আর হবে না। তবে প্রশাসনের কাছে জানাতে চাই যত দ্রুত সম্ভব এদের শাস্তির ব্যাবস্থা করা হোক

এ বিষয়ে ভুক্তভোগী সহ এলাকাবাসী তীব্র নিন্দা প্রকাশ করেছেন।

Gangni Pouro Election :: Possibility three-cornered fight for Mayor post

Although five candidates are contesting in the upcoming Gangni Pourosova election in Meherpur, there is a possibility of a three-way fight. Meanwhile enough publicity is found. There have also been allegations of intimidation of activists vandalizing of publicity loudspeakers somewhere. Though the ruling party candidate, leaders and activists claimed that a fair and impartial vote would be held, independent and opposition party candidates are expressing doubts about the free and fair vote.

Elections for 61 Pourosova will be held on January 16 in the second phase. Gangni Pourosova is one of them. In this Pourosova, 5 candidates are contesting for the post of Mayor, 40 candidates for the post of Councilor and 10 candidates for the post of reserved women councilor. The good wind of voting is going on all over the town. Discussion criticism and analysis are going on everywhere about who will get the victory garland. Discussions on voting lasted from morning till late night. There are also allegations against the supporters of the ruling party candidate, including obstruction of the campaign, vandalizing of publicity loudspeakers. However, the festive mood was found among the common voters. They said no one forbade them from going to the poll centers.

Meanwhile, for the first time, votes will be taken in EVM system. Common voters know nothing about EVM system. Many have commented negatively on whether they can vote properly.

Some voters of Ward No. 7 of Gangni Municipality said that they did not understand how the votes would be taken in the EVM and whether they would be able to vote for their preferred candidate. Voter Morjina of Ward No. 3 said the same thing.

Ruling party candidate (boat symbol) Ahmed Ali said the election would be held in a free, fair and impartial manner. Independent candidate Ashraful Islam’s allegation is not correct. He is blaming for the possibility of losing the election race.

Independent candidate and sitting Mayor Ashraful Islam complained that the supporters of Awami League nominee Ahmed Ali (boat symbol) have been intimidating my workers and supporters in various ways. They vandalized the publicity loudspeakers. Independent candidate Ashraful Islam also complained that he could not continue the election campaign.

BNP nominee Asaduzzaman Bablu said so far there has been no problem in conducting the campaign. There was no threat faced. In this situation, if the vote is fair, he will be the winner.

Returning Officer and District Election Officer Ahmed Ali said all that is being done for a fair election. So far no allegation of violation of electoral code of conduct has been received. Meanwhile, training will be given on EVM voting. EVM will be sent to the Center before the polls to train the common voters about the voting process through EVM.

□□□□□□□□□□□□□□ □□□□□□□□-□ □□

পরিচালকের নজরুলের স্মৃতি বিজড়িত আটচালা ঘর পরিদর্শন

বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়-৩ এর পরিচালক মোহাম্মদ শাহিন ইমরান গতকাল বুধবার সকাল ১২ টার দিকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় জাতীয় কবি নজরুল ইসলাম এর স্মৃতি বিজড়িত আটচালা ঘর পরিদর্শন করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)সুদীপ্ত সিংহ, জেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ফিরোজ হোসেন, কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সভাপতি সাবেক প্রফেসর আ:গফুর, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, আটচালা ঘর মালিক প্রকৃতি বিশ্বাস বকুল প্রমুখ।

জীবননগর পৌর নির্বাচনে মনোনয়নপত্র সংগ্রহ

জীবননগর পৌরসভা নির্বাচনে নির্বাচন কমিশন কর্তৃক চতুর্থ ধাপের তফসিল ঘোষণা করেছে। ১৭ জানুয়ারি মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিন, ১৯শে জানুয়ারি যাচাই-বাছাই ২৫ শে জানুয়ারি মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। আগামী ১৪ ই ফেব্রুয়ারি নির্বাচন অনুষ্ঠিত হবে।

মনোনয়নপত্র সংগ্রহের দ্বিতীয় দিনে মেয়র পদে বি এন পির পৌর যুবদলের আহ্বায়ক হযরত আলী ও সাবেক পৌর বিএনপির সভাপতি শাহজাহান কবির উপজেলা রিটার্নিং অফিসার ও নির্বাহী অফিসারের নিকট থেকে তাদের মনোনয়নপত্র সংগ্রহ করেন।

এছাড়া কাউন্সিলর পদে ২ নাম্বার ওয়ার্ড থেকে একজন, ৩ নম্বর ওয়ার্ড থেকে পাঁচজন, ৪ নাম্বার ওয়ার্ডের তিনজন, ৫ নম্বর ওয়ার্ডের দুইজন, ৬ নম্বর ওয়ার্ডের তিনজন, ৭ নম্বর ওয়ার্ডের চারজন, ৮ নম্বর

ওয়ার্ডের তিনজন, ও ৯ নম্বর ওয়ার্ডের একজন ও সংরক্ষিত মহিলা আসনে তিনজন প্রার্থী তাদের মনোনয়নপত্র সংগ্রহ করেন। উল্লেখ্য, জীবননগর পৌরসভায় মোট ভোটার সংখ্যা ২০,৮২৭জন।

দর্শনায় ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৮০ বোতল ফেন্সিডিলসহ মোছাঃ শাকিলা খাতুন(৫৬) কে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায় দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে গতকাল বুধবার রাত ৮.৪৫ ঘটিকার সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই মোঃ শরিফুল ইসলাম, এ এস আই মোঃ শাহিন আলম, এএসআই মোঃ কুদ্দুস আলী, এএসআই ইদ্রিস আলী এবং সঙ্গীয় ফোর্সসহ দর্শনা থানাধীন চন্ডিপুর গ্রামের (স্কুল পাড়া) আসামির বসত বাড়ির উঠান হতে ৮০ বোতল ফেন্সিডিলসহ আসামি মোছাঃ শাকিলা খাতুন কে গ্রেফতার করা হয় ।

আসামি শাকিলা খাতুন দর্শনা থানার চন্ডিপুর গ্রামের (স্কুল পাড়া) জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদার নিউ বোস ব্রিক্সে দেদারছে পুড়ছে কাঠ, উজাড় হচ্ছে

বাগান, দূষিত হচ্ছে পরিবেশ

সরকারি স্লোগান গাছ লাগান, পরিবেশ বাঁচান এই স্লোগান না মেনে অবাধে কাঠ দিয়ে ইট পোড়াচ্ছে দামুড়হুদা নিউ বোস ব্রিক্সে।

জানা যায়, সরকারি নির্দেশনা উপেক্ষা করে অবাধে কাঠ দিয়ে ইট পোড়ানো হচ্ছে দামুড়হুদার মোক্তারপুর নিউ বোস ব্রিকসে।

প্রতিদিন হাজার হাজার মণ কাঠ কিনে রাখা হচ্ছে ইট পোড়ানোর জন্য। কাঠের দাম বেশি হওয়ায় অনেক বাগান মালিক অর্থের লোভে বাগান বিক্রি করে কাঠ ব্যবসায়ীদের কাছে।

এক সময়ে প্রতি গ্রামের মাঠে মাঠে ও বসত ভিটায় ফলজ-বনজ ও ওষধি গাছ লাগানো হতো। এসব গাছ বড় প্রাপ্ত বয়স্ক হবার আগেই বিশেষ করে ফলজ ও বনজ কেটে ফেলা হচ্ছে। এখন বিশেষ করে আম গাছ, মেহুগনি, মহানিম, শিশু, ইপিলিইপিল সহ অন্যান্য গাছ ও কেটে ফেলা হচ্ছে। আর এসব গাছ বেশির ভাগই যাচ্ছে দামুড়হুদার মোক্তারপুর নিউ বোস ব্রিক্সে। নিউ বোস ব্রিকসের মালিক প্রভাবশালী হওয়ায় এসব কাঠ বেশি দামে ক্রয় করে থাকে।

এসব বাগান কেটে ফেলার ফলে পরিবেশ বিপর্যয়ের আশঙ্কা করছে পরিবেশবিদরা। এছাড়াও এই ইট ভাটাটি গড়ে উঠেছে ফসলি জমির মাঝখানে।

ইট ভাটার আশে পাশের ত্রি-ফসলি জমির মালিকরা অভিযোগ করে বলেন, ইট ভাটাটির কারণে আমাদের জমির উর্বর শক্তি কমে যাচ্ছে। ফলন কম হচ্ছে। দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মোঃ মনিরুজ্জামান বলেন, ফসলি জমির আশেপাশে ইটভাটা থাকলে ইট ভাটার আগুনের তাপে ফসলি জমির টপ সয়েল নষ্ট হয়। যার ফলে জমি তার উর্বর শক্তি হারিয়ে ফেলে। ফসলি জমির আশেপাশে এভাবে ইট ভাটা গড়ে ওঠায় কৃষির উপর বড় ধরণের প্রভাব পড়ছে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, কাঠ পোড়ানোর বিষয়টি আমি অবগত নই। ইট ভাটায় কাঠ পোড়ানা আইনত অপরাধ। যদি কেউ কাঠ দিয়ে ইট পোড়াই তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।